

## গ্লোবাল ইউনিভার্সিটির সমাবর্তন বেসরকারি ভার্সিটিতে শিক্ষার্থী ভর্তি বন্ধের হুশিয়ারি শিক্ষামন্ত্রীর

### যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষাসহ শর্তপূরণে ব্যর্থ বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধসহ আইনি পদক্ষেপ নেয়া হবে। বৃহস্পতিবার গ্লোবাল ইউনিভার্সিটি অব বাংলাদেশের (ডব্লিউইউবি) চতুর্থ সমাবর্তনে সভাপতির বক্তৃতায় তিনি এ হুশিয়ারি দেন। দেশের বাস্তবতা এবং জনগণের আর্থসামাজিক অবস্থা বিবেচনা করে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিসসহ সব ব্যয় সীমিত রাখার আহ্বান জানান তিনি।

ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সমাবর্তনে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মানান, বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আবদুল মানান চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক মুশফিক এম চৌধুরী এবং অ্যাসোসিয়েশন অব কমনওয়েলথ ইউনিভার্সিটিজের সেক্রেটারি জেনারেল অধ্যাপক ড. জন উড। সমাবর্তনে ৩১৭৯ জন শিক্ষার্থীকে ভিগ্নি দেয়া হয়।

শিক্ষামন্ত্রী বিশ্ববিদ্যালয়গুলোর আইন লঙ্ঘন প্রসঙ্গে বলেন, যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় সফল হতে পারেনি, পরিচালনার পরিবেশ ও নির্ধারিত শর্ত পূরণে ব্যর্থ, মুনাফার টার্গেট, নিজস্ব ক্যাম্পাসে যায়নি, একাধিক ক্যাম্পাসে পাঠদান করছে তাদের বিরুদ্ধে নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধসহ অন্য আইনি ব্যবস্থা নেয়া হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয়কে সস্তাবনার বিরোধিতা উল্লেখ করে মন্ত্রী বলেন, আমরা সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে কোনো পার্থক্য করি না। তারা সবাই আমাদের সন্তান এবং জাতির ভবিষ্যৎ। তাদের সবার জন্যই আমরা মানসম্মত শিক্ষা এবং সব সুযোগ নিশ্চিত করতে চাই। কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশিদিন চলতে পারবেন না। বিশ্ববিদ্যালয় শিক্ষার মান উন্নয়ন প্রসঙ্গে তিনি বলেন, এ লক্ষ্যে ইউজিসিকে আরও শক্তিশালী করতে উচ্চশিক্ষা কমিশন আইন তৈরি চূড়ান্ত পর্যায়ে আছে। দেশে বর্তমানে বিশ্ববিদ্যালয় পর্যায়ে মোট শিক্ষার্থীর ৩৩ শতাংশ ও উচ্চ মাধ্যমিকে ৪০ শতাংশের কিছু বেশি লেখাপড়া করছে। তবে প্রাথমিকে ৫১ এবং মাধ্যমিকে ৫৩ শতাংশই ছাত্রী। এ প্রসঙ্গে মন্ত্রী বলেন, আগামী ৩ বছরের মধ্যে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৩৬ বছরের মধ্যে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ভর্তির ক্ষেত্রে জেডার সমতা অর্জনে আমরা সক্ষম হব। দেশে বর্তমানে বেসরকারি বিশ্ববিদ্যালয় ৯৫টি, পাবলিক বিশ্ববিদ্যালয় ৪০টি।